

## 💵 লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

২৫৭. অল্পে তুষ্টি নিয়ে আরেকটি কথা

পরিতুষ্ট মানুষের ইচ্ছা আল্লাহ তার বান্দা থেকে যা চান তার অনুগামীই হয়ে থাকে অর্থাৎ আল্লাহ যা ভালোবাসেন ও যে বিষয়ে আল্লাহ সম্ভষ্ট (তার পরিতুষ্ট বান্দা তাই ইচ্ছা করে)। এ কারণেই তুষ্টি ও নিজের ইচ্ছার অন্ধ অনুসরণ কখনও একই আত্মায় (একসাথে) অবস্থান করতে পারে না। আর যদি কারো মনে উভয়টার অংশই থাকে তবে তার মন উভয়টার মধ্যে যেটি শক্তিশালী সেটি দ্বারা পরাভূত (পরাজিত) হবে।

"আর হে আমার প্রভু! তুমি যাতে সম্ভুষ্ট হও, এজন্য আমি তাড়াতাড়ি তোমার নিকট এসে হাজির হয়েছি।" (২০-সূরা ত্বাহাঃ আয়াত-৮৪)

নিম্নোক্ত হাদীসটি নিয়ে একটু গভীরভাবে ভেবে দেখুন-

ভাবার্থঃ "সুসময়ে আল্লাহকে চিন তাহলে তিনি দুঃসময়ে তোমাকে চিনবেন।"

"সুসময়ে আল্লাহকে চিন" অর্থ হল তার প্রতি অনুগত থেকে, তার অনুগ্রহরাজির জন্য তার প্রতি কৃতজ্ঞ থেকে এবং মিসবত আসার পূর্বেই একনিষ্ঠভাবে তার মুখাপেক্ষী হয়ে তার নৈকট্য সন্ধান করা। "সুসময়ে" অর্থ হলো শান্তি, নিরাপত্তা, অনুগ্রহ ও সুস্বাস্থ্যের সময়। তোমার সংকট মোচন করে এবং তোমাকে প্রতিটি জটিল অবস্থা থেকে মুক্ত করে "তিনি তোমাকে দুঃসময়ে চিনবেন।"

এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে, বান্দার মনের মাঝে ও তার প্রভুর মাঝে এমন এক বিশেষ সম্পর্ক থাকা উচিত, যে সম্পর্কের কারণে বান্দা তার মনিবের এতটাই নৈকট্য অনুভব করবে যে, তার আর কারো প্রয়োজন হবে না। এভাবে সে যখন একাকী থাকে তখন সে সঙ্গ পায় এবং সে তাকে স্মরণ করার ও তার নিকট প্রার্থনা করার মজা পায়। আল্লাহর বান্দা মৃত্যুর আগ পর্যন্ত অনবরত জটিলতা ও কঠিনতার সম্মুখীন হতে থাকবে। কিন্তু তার প্রভুর সাথে তার যদি বিশেষ সম্পর্ক থাকে অর্থাৎ সে যদি তার অনুগত বান্দা হয়, তবে জীবনের সকল সংকটই তার জন্যু সহজ হয়ে যাবে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7765

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন